

মেলান্দহ সরকারি কলেজ, জামালপুর

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিস্টাব্দ

শ্রেণি- একাদশ, বিষয়- বাংলা

নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে/এক কথায় উত্তর লিখ। ৩০×১=৩০

- ১) মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী?
- ২) “মেয়া” শব্দের অর্থ কী?
- ৩) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন কবে পালিত হয়?
- ৪) ‘ছয়দফা’ কী?
- ৫) ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী?
- ৬) কোন রচনার মাধ্যমে সায়েন্স ফিকশনে মুহম্মদ জাফর ইকবালের পদার্পণ ঘটে?
- ৭) ‘মহাজাগতিক কিউরেটর’ গল্পে হলুদের মাঝে ডোরাকাটা প্রাণীটি কী ছিল?
- ৮) “জড়োয়া” অর্থ কী?
- ৯) ফরাসি ভাষায় নেকলেস গল্পটির নাম কী?
- ১০) “নেকলেস” গল্পে কোন মাছের কথা উল্লেখ আছে?
- ১১) নবাব সিরাজউদ্দৌলাকে কে হত্যা করেছিল?
- ১২) ‘রাইসুল জুহালা’ কে?
- ১৩) সিকানদার আবু জাফর কর্তৃক সম্পাদিত পত্রিকার নাম কী?
- ১৪) নাটকে ‘যত বড় মুখ নয় তত বড় কথা?’ সংলাপটি কার?
- ১৫) সিকানদার আবু জাফর কত সালে মারা যান?

- ১৬) পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
- ১৭) সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মারা যান?
- ১৮) আঠারো বছর বয়সে কী কানে আসে?
- ১৯) কবি শামসুর রাহমানের পৈত্রিক নিবাস কোথায়?
- ২০) ‘ফেব্রুয়ারি ১৯৬৯’ কবিতায় কার চোখকে আলোচিত ঢাকার সাথে তুলনা করা হয়েছে?
- ২১) আমাদের পূর্বপুরুষের পীঠে কীসের মতো ক্ষত ছিল?
- ২২) ‘কিংবদন্তি’ শব্দের অর্থ কী?
- ২৩) সৈয়দ শামসুল হক কোন বিষয়ের ছাত্র ছিলেন?
- ২৪) নূরলদীন কাদের নেতৃত্ব দিয়েছিলেন?
- ২৫) ‘বাজেয়াপ্ত’ শব্দের অর্থ কী?
- ২৬) ‘সোনালী কাবিন’ আল মাহমুদের কোন ধরণের রচনা?
- ২৭) কবি আল মাহমুদ কত সালে মারা যান?
- ২৮) কবি দিলওয়ারের পুরো নাম কী?
- ২৯) ‘হেম’ শব্দের অর্থ কী?
- ৩০) ‘গণমানব’ শব্দের অর্থ কী?